## বিদেশি ছাত্রদের জন্য ওমবুডস্মান

### ছাত্রদের জন্য প্রায়শই যে সব প্রশ্ন ও তাদের অন্যান্য অভিযোগ

### ওম্বুডসমান মানে কি?

ওম্বুডসমান মাণুষকে সাহায্য করে যারা অষ্ট্রেলিয়ান ব্যবসায়ি ও সরকারী কার্যালয়ের সাথে সমস্যায় পড়েছেন ।বিভিন্ন ব্যবসা ও সরকারের বিভাগ অনুয়ায়ী বিভিন্ন ধরণের ওম্বুডসমান জারী আছে ।

ওম্বুডসমানের কার্যক্রম স্বাধীন, মুক্ত এবং পক্ষপাত শূণ্য । সে কারুর ধারে নয় ।

ওম্বুডসমানের তদন্তে যদি ধরা পরে কোন ব্যবসায়ী বা সরকারী সংস্থা ভুল কাজ করেছে বা কারুর প্রতি ন্যায় সংগত ব্যবহার করা হয় নি, তাহলে সে প্রতিকারের ব্যবস্থার কথা পরামর্শ দিতে পারে । এই পরামর্শটি উদাহরণ যেমন, লিখিত কৈফিয়ত, আরও ভাল তথ্য, নতুন সিদ্ধান্ত বা পুনরায় গৃহীত অর্থাদি প্রত্যর্পণ ।

### বিদেশি ছাত্রদের জন্য ওম্বুডসমান কি করে ?

বিদেশি ছাত্রদের জন্য ওম্বুডসমান **বেসরকারী** শিক্ষা প্রতিষ্ঠান বা অষ্ট্রেলিয় প্রশিক্ষণ সংক্রান্ত সমস্যা নিয়ে বিদেশি ছাত্রদের অভিযোগগুলি অনুসন্ধান করে ।

বেসরকারি রেজিস্ট্রিভুক্ত শিক্ষা সরবরাহ প্রতিনিধির সিদ্ধান্তে বা ব্যবস্থা গ্রহণে খুশি না হলে আপনি অব্যশই তাঁদের অভ্যন্তরিন অভিযোগ ও আবেদনের ব্যবস্থা সর্ম্পকে প্রশ্ন করতে পারেন । আপনি আপনার শিক্ষা সরবরাহ প্রতিনিধির কাছে অভিযোগ করেছেন কিন্তু তাদের ফলে সন্তুষ্ট নন্ , তাহলে আপনি ফের ওম্বুডসমানের কাছে অভিযোগ করতে পারেন ।

### আমার অভিযোগটি যদি সরকারী বা সাধারণ শিক্ষা সরবরাহ প্রতিনিধির সর্ম্পকে হয় ?

আপনি আপনার রাজ্য বা এলাকার ওম্বুডসমানের সাথে যোগাযোগ করুন ।
**দেখুন** রাজ্য বা এলাকার ওম্বুডসমান ।

### কারা বিদেশি ছাত্রদের জন্য ওম্বুডসমানের কাছে অভিযোগ করতে পারেন ?

বিদেশি ছাত্ররা যারা অষ্ট্রেলিয়াতে এসে পড়েছেন ও ছাত্ররা যারা শিঘ্রই আসার চিন্তাভাবনা করছেন - অষ্ট্রেলিয়াতে বেসরকারী শিক্ষা সংস্থা বিদেশি ছাত্রদের জন্য যে ব্যবস্থা বা সিদ্ধান্ত গ্রহণ করেছেন, এ সর্ম্পকে তারা ওম্বুডসমানের সাথে যোগাযোগ করতে পারেন । বিদেশি ছাত্রদের বেসরকারী শিক্ষা সরবরাহ প্রতিনিধির সাথে যে সমস্যা, ছাত্রদের পরিবার বা বন্ধুবান্ধবরা যারা এই সমস্যার সর্ম্পকে খুবই উদ্বিগ্ন, তারাও ওম্বুডসমানের সাথে যোগাযোগ করতে পারেন । ওদেরকে দিয়ে এ কাজ করতে হলে আপনাকে অনুমতি দিতে হবে ।

### আমি কি কি বিষয়ে অভিযোগ করতে পারি ?

আপনি যদি মনে করেন আপনার শিক্ষা সরবরাহ প্রতিনিধি যথাযথ প্রণালী মেনে কাজ করে নি বা আপনার প্রতি নিরপেক্ষতা বজায় রাখে নি, তাহলে আপনি প্রতিনিধির বিরুদ্ধে অভিযোগ করতে পারেন ।
অভিযোগের ধরণ:

- আপনাকে একটি পাঠক্রমে ভর্তি করতে নারাজ
- ফি ও গৃহীত অর্থাদি প্রত্যর্পণ
- পাঠক্রম বা শিক্ষা প্রতিষ্ঠান থেকে হস্তান্তর
- পাঠক্রমের অগ্রগতি বা হাজিরা

- তালিকা থেকে নাম বাতিলকরণ
- শিক্ষা সরবরাহ প্রতিনিধির সাহায্যে থাকার ব্যবস্থা বা চাকরির জোগাড়
- শিক্ষা প্রতিনিধি বা দালালের দ্বারা গৃহীত ভুল তথ্য

**ওম্বুডসমান আমার অভিযোগগুলি কিভাবে অনুসন্ধান করবে ?**

আপনি একটি সমস্যা নিয়ে আমাদের সাথে যোগাযোগ করলে আমরা মনোযোগ সহকারে বিবেচনা করে দেখব আমরা আপনাকে সাহায্য করতে পারব কিনা । কিছু কিছু বিষয়ে ওম্বুডসমান আপনার অভিযোগটি না অনুসন্ধান করার সিদ্ধান্ত নিতে পারে ।
এর কারণ হলো :

- আপনি আপনার শিক্ষা প্রতিনিধির কাছে তাঁর বিরুদ্ধে অভিযোগ প্রথমে করেননি, বা
- অন্য সংস্থা আপনাকে আরও ভাল সাহায্য করতে পারবে ।

আমরা যদি অনুসন্ধান **না** চালানোর মত নিই আমরা তাঁর কারণ জানিয়ে দেব ।

আর আমরা যদি অনুসন্ধান চালানোর সিদ্ধান্ত **নিই** তাহলে আমরা আপনার শিক্ষা প্রতিনিধির সাথে যোগাযোগ করে ঘটনার বিবরণ চাইব । দরকারী সমস্ত তথ্য পাবার পর আমরা বিবেচনা করে দেখব আপনার শিক্ষা প্রতিষ্ঠান তাদের বিধি, নিয়মাবলী, সঠিক কর্মব্যবস্থা ও নীতি মেনে আপনার সাথে ন্যায্য ব্যবহার করেছে কিনা । আমরা আপনাকে জানিয়ে দেব আমাদের সিদ্ধান্ত এবং তার কারণ ।

ওম্বুডসমান আপনার শিক্ষার গুণাগুণ বিচার করতে অক্ষম । উদাহরণ; আপনার শিক্ষা সরবরাহ প্রতিনিধি যদি এই সিদ্ধান্তে আসে যে আপনার পড়ার গতিবিধি ও হাজিরা প্রয়োজনের মাত্রায় পৌছায় নি আমরা এ বিষয়ে নতুন কোন সিদ্ধান্ত নিতে পারি না ।
অন্যদিকে আমরা অনুসন্ধান করে দেখতে পারি যে আপনার শিক্ষা প্রতিষ্ঠান তাদের নিয়ম ও নীতি সঠিক ভাবে মেনে এই সিদ্ধান্তে এসেছে এবং আপনার সাথে যথাযথ ব্যবহার করা হয়েছে ।

**আমার অভিযোগ অনুসন্ধান করতে কত সময় লাগবে ?**
বিভিন্ন সময় ধরে এই অভিযোগের অনুসন্ধান চলতে পারে । কিছু সমস্যা ছোট, সরল ভাবে পরীক্ষা করা সম্ভব আবার অন্য সমস্যা জটিল এবং সময়সাপেক্ষ তদন্তের প্রয়োজন । অনুসন্ধানের গতিবিধি সম্বন্ধে আপনাকে জানাব ।

**সমস্যা মেটানোর জন্য ওম্বুডসমান আমার জন্য কি করতে পারে ?**
আমাদের তদন্তে যদি ধরা পরে যে আপনার শিক্ষা সরবরাহ সংস্থা ভুল করেছে বা ন্যায় সংগত ব্যবহার করে নি আমরা তাদেরকে উদাহরণ স্বরূপ বলতে পারি

- ক্ষমা চান
- সিদ্ধান্ত পরিবর্তন বা পুনঃ বিবেচনা করা
- আরও ভাল তথ্য জোগান দেওয়া
- নীতি বা ব্যবস্থার আরও উন্নতি
- গৃহিত অর্থাদি প্রত্যর্পণ করা
- অন্য ব্যবস্থা নেওয়া ।

**ওম্বুডসমানের কাছে আমার দেওয়া তথ্যের গোপনীয়তা বজায় থাকবে কি ?**
অভিযোগ অনুসন্ধান করে দেখতে হলে বিদেশি ছাত্রদের জন্য ওম্বুডসমান সাধারণতঃ অভিযোগ সংক্রান্ত কিছু তথ্য শিক্ষা প্রতিষ্ঠানের কাছে প্রকাশ করে তদন্তের কারণে, যে কি ঘটনা ঘটেছে । এই তথ্যে থাকবে আপনার নাম এবং আপনার অভিযোগের কিছু বর্ণনা যদি না আপনি আমাদের আপনার সম্বন্ধে বিশেষ তথ্য প্রকাশ করতে মানা করেছেন ।

আপনার দেওয়া খবরের গোপনীয়তা ও শ্রদ্ধা বজায় রেখে আমরা আপনার সম্বন্ধে তথ্য একত্র করে জমা রাখব বা ব্যবহার করব আর অষ্ট্রেলিয়ন গোপন আইন অনুসারে আপনার নিজ তথ্য প্রকাশ করব ।

বিদেশি ছাত্রদের জন্য ওম্‌বুডসমান শিক্ষা সংস্থা বা দালালদের বিরুদ্ধে অভিযোগের অনুসন্ধান চালাতে পারে , যাদের চুক্তি আছে অষ্ট্রেলিয়ান শিক্ষা প্রতিষ্ঠান গুলির সাথে যে তারা দালালদের প্রতিনিধি হিসেবে কাজ করবে অষ্ট্রেলিয়াতে বা বিদেশে ।

আপনি অভিযোগ করতে পারেন যদি শিক্ষা সরবরাহ সংস্থা কোন কার্যকরী ব্যবস্থা নিতে অসফল হয়েছে বা আদৌ কোন ব্যবস্থা নিতে অনেক সময় লেগেছে যেমন আপনাকে সময়মত অভিযোগের ফল জানান বা আপনার শিক্ষা প্রতিষ্ঠানের সাথে লিখিত চুক্তি অনুযায়ী ব্যবস্থা না নেওয়া ।

**কারা বিদেশি ছাত্র ?**

যিনি ছাত্র ভিসা নিয়ে অষ্ট্রেলিয়াতে পড়াশুনা করছেন, তিনি বিদেশি ছাত্র । বিদেশি ছাত্রকে আর্ন্তজাতিক ছাত্রও বলে ।

আপনি যদি ছাত্র ভিসা নিয়ে অষ্ট্রেলিয়াতে আছেন, বা শিঘ্রই এখানে আসার কথা ভাবছেন তাহলে বিদেশি ছাত্রদের জন্য ওম্‌বুডসমানের সাথে যোগাযোগ করতে পারেন যদি আপনার স্কুল, কলেজ বা অন্যান্য বেসরকারী ভাবে নথিভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের সাথে কোন গন্ডগোল বাধেঁ ।

**শিক্ষা সরবরাহ প্রতিনিধি বলতে কি বোঝায় ?**

অষ্ট্রেলিয়াতে শিক্ষা প্রতিষ্ঠান ও প্রশিক্ষণ বিভিন্ন নামে পরিচিত যেমন অন্তঃভুক্তঃ স্কুল, কলেজ, একাডেমি,প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়, টেকনিকাল ও শিক্ষা প্রতিষ্ঠান অধিকতর (টেফ) ও রেজিষ্টারড প্রশিক্ষণ সংস্থা (আরটিও) এরা সবাই শিক্ষা সরবরাহ সংস্থা ।

**সরকারী ও বেসরকারী শিক্ষা সরবরাহ প্রতিষ্ঠানগুলির মধ্যে পার্থক্য কি ?**

শিক্ষা সরবরাহ যাদের বেসরকারী ব্যবসা তাদেরকে বলা হয় '**বেসরকারী** শিক্ষা সরবরাহ সংস্থা'
সরকারের অধীনে শিক্ষা সরবরাহ সংস্থাকে বলা হয় '**সাধারণ** শিক্ষা সরবরাহ সংস্থা'

**রেজিষ্ট্রিভুক্ত শিক্ষা সরবরাহ সংস্থা বলতে কি বোঝায় ?**

বিদেশি ছাত্রদের পাঠক্রমে ভর্তি করার আগে সমস্ত শিক্ষা সরবরাহ সংস্থাগুলি অষ্ট্রেলিয়ান সরকারের CRICOS সংস্থার সাথে নথিভুক্ত হওয়া চাই ।
আপনি যাচাই করে দেখতে পারেন আপনার শিক্ষা সরবরাহ প্রতিনিধি ও পাঠক্রম তালিকাভুক্ত কিনা । CRICOS ওয়েবসাইটে গিয়ে দেখুন [cricos.deewr.gov.au](cricos.deewr.gov.au)

**ওম্‌বুডসমানের সাথে আমার হয়ে অন্য কেউ যোগাযোগ করতে পারবে কি ?**

হ্যাঃ । আপনি অপরের সাহায্য চাইতে পারেন যেমন আপনার বন্ধু বা আত্মীয় দিয়ে ওম্‌বুডসমানের সাথে যোগাযোগ করতে পারেন ।

যদি বিদেশি ছাত্রদের মিলিত ভাবে সবার একই সমস্যা দেখা যায় তাহলে তারা দলগত ভাবে একটি অভিযোগ ওম্‌বুডসমানের কাছে করতে পারে ।

**আমাকে কি আমার নাম দিতে হবে অভিযোগ করার সময় ?**

না । আপনি আপনার নাম বা ঠিকানা উল্লেখ না করে আপনার সমস্যার কথা আমাদের জানাতে পারেন । একে বলা হয় বেনামি অভিযোগ । বেনামী হলেও আমরা আপনার অভিযোগ তদন্ত করতে চেষ্টা করব, কিন্তু বোধহয় আপনার সাথে যোগাযোগ না হওয়ার কারণে আপনাকে জানাতে পারব না অনুসন্ধানের ফল আর সমস্যাটি কি ধরণের তা দেখতে হবে, আমাদের অনুসন্ধান চালান বোধহয় সম্ভব হবে না কারণ আমরা জানি না কে এই সমস্যায় পড়েছে ।

**বিদেশি ছাত্রদের জন্য ওম্‌বুডসমানের কাছে আমার অভিযোগের কারণে শিক্ষা সরবরাহ সংস্থা আমার সম্বন্ধে অভিবাসনের কাছে খবর দেবে কি ?**

না, আপনার ওম্‌বুডসমানের কাছে অভিযোগের কারণে আপনাকে অভিবাসনের কাছে খবর দেওয়া হবে না ।

**ওম্‌বুডসমানের কাছে আমার অভিযোগ শিক্ষা প্রতিষ্ঠানকে অভিবাসনের কাছে আমার সম্বন্ধে খবর দিতে বাধাঁ দেবে কি ?**
আপনি যদি আপনার শিক্ষা সরবরাহ সংস্থার খবরের উদ্দেশ্য নিয়ে অভিযোগ করেন যে তারা আপনার পাঠক্রমের অগ্রগতি বা হাজিরা নিয়ে অসন্তুষ্ট, তাহলে আপনার শিক্ষা সরবরাহ প্রতিনিধিকে আপনার বিরুদ্ধে খবর দেওয়ার আগে ওম্‌বুডসমানের অনুসন্ধান সমাপ্ত না হওয়া পর্যন্ত অপেক্ষা করতে হবে ।

ওম্‌বুডসমান আপনার অভিযোগের তদন্ত চলাকালীন আপনার শিক্ষা প্রতিষ্ঠান আপনাকে তাদের পাঠক্রমের তালিকায় চালু রাখতে হবে ।

ওম্‌বুডসমান আপনাকে এবং আপনার শিক্ষা প্রতিষ্ঠানকে জানিয়ে দেবে তাদের অভিযোগ অনুসন্ধানের শুরু এবং সমাপ্তি কখন হয়েছে । ফলের উপর ভিত্তি করে আপনার শিক্ষা সরবরাহ প্রতিষ্ঠান আপনার সম্বন্ধে খবর দিতে দরকার হতে পারে ।

আপনি যদি আরও কোন সমস্যা সম্বন্ধে অভিযোগ করেন তাহলে আপনার শিক্ষা সরবরাহ সংস্থা ওম্‌বুডসমানের তদন্তের অপেক্ষা নাও করতে হতে পারে আপনার সম্বন্ধে খবর দেওয়ার আগে ।
আপনি যদি মনে করেন যে আপনার শিক্ষা সরবরাহ সংস্থা অভিবাসনের কাছে আপনার সম্বন্ধে খবর দিয়ে দিয়েছে তাহলে আপনার ভিসা সম্বন্ধে আলোচনা করতে আপনি অতি অবশ্যই DIAC এর সাথে যোগাযোগ করুন ।
দেখুন : www.immi.gov.au যোগাযোগের বিষদ বর্ণনা

যদি না জানেন কার সাথে কথা বলতে হবে, বিষদ খবরের জন্য ওম্‌বুডসমানের সাথে যোগাযোগ করুন ।